

## **REGIONAL NEWS**

**UNIT**

**ALL INDIA RADIO, AGARTALA**

**Date: 09-11-2024**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Governor-Montfort School :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু বলেছেন শিক্ষা শুধুমাত্র পুঁথিগত বিদ্যা অর্জনের মধ্যেই সীমাবদ্ধ নয়। ছাত্রছাত্রীদের মধ্যে নিয়মানুবর্তিতা ও আত্মবিশ্বাস গড়ে তুলতে হবে। তাদের উৎসাহিত করে ভবিষ্যতে বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলা করার উপযুক্ত করে গড়ে তুলতে হবে। গতকাল রাণীরখামারে মন্ট ফোর্ট স্কুলের অয়োদশ প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠানের উদ্বোধন করে একথা বলেন তিনি। ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে রাজ্যপাল বলেন,

# ##### Byte #####

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মন্ট ফোর্ট স্কুলের প্রিন্সিপাল ব্রাদার জোসেফ রেডিও। স্কুলের ছাত্রছাত্রীরা এই অনুষ্ঠানে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে।

\*\*\*\*\*

**President-Awareness Week :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, দুর্নীতি এমন এক ব্যাধি, যাকে সমূলে উৎখাত করতে হবে। গতকাল নতুন দিল্লিতে কেন্দ্রীয় ভিজিলেন্স কমিশন আয়োজিত 'সচেতনতা সপ্তাহ' -এর ভাষণে রাষ্ট্রপতি মুর্মু বলেন, সরকার দুর্নীতি প্রতিরোধে নানা উদ্যোগ নিয়েছে। তিনি, প্রত্যক্ষ সুবিধা হস্তান্তর প্রকল্প, ই-মার্কেট প্লেস এবং অর্থনৈতিক অপরাধী আইন-এর কথা উল্লেখ করেন। রাষ্ট্রপতি বলেন, সতর্কতা সচেতনতা সপ্তাহ, সর্দার বল্লবভাই

প্যাটেলের জন্ম বার্ষিকীতে পালিত হয়। বিশ্বাস যেকোনো সমাজের মূল ভিত্তি বলে উল্লেখ করে শ্রীমতী মুর্মু বলেন, দুর্নীতি সমাজের প্রতি আস্থা হ্রাস করে।

\*\*\*\*\*

#### **State Level Wah Festival :**

তথ্য ও সংস্কৃতি দপ্তর, মগ সোসিও কালচারেল অর্গানাইজেশন এবং সাব্রুম মহকুমা প্রশাসনের ঘোষ উদ্যোগে আগামী ১০ ও ১১ই নভেম্বর সাব্রুম মহকুমার রূপাইছড়ি ব্লকের চালিতা বনকুল বি বি উচ্চবিদ্যালয়ে দু'দিনব্যাপী ২১তম রাজ্যভিত্তিক ওয়া উৎসব অনুষ্ঠিত হবে। ১০ নভেম্বর উৎসবের উদ্বোধন করবেন সাংসদ কৃতী দেবী দেববর্মা। উৎসব উপলক্ষে ১১ই নভেম্বর মগ ভাষার বিকাশ ও মগ সংস্কৃতি নিয়ে এক আলোচনাচক্র ও কর্মশালা অনুষ্ঠিত হবে।

\*\*\*\*\*

#### **Special Lok Adalat :**

আজ রাজ্যের সমস্ত জেলা ও মহকুমা আদালত চতুরে বসছে বিশেষ লোক আদালত। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী সাংবাদিকদের জানিয়েছেন, বিশেষ লোক আদালতে ১৪ হাজার ২২৩টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে।

\*\*\*\*\*

#### **Blood Donation-Kamalpur :**

আগামী ১৯ নভেম্বর সিপিআইএম কমলপুর মহকুমা কমিটির ২৪তম সম্মেলন উপলক্ষ্যে গতকাল কমলপুর কর্মচারী সমন্বয় অফিসে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে মোট ৫১ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

\*\*\*\*\*

#### **Assam Rifles :**

আসাম রাইফেলস গতকাল এক বিবৃতিতে জানিয়েছেন, বক্সনগরে একটি হার্ডওয়েরের দোকানে অভিযান করে ৫ লক্ষ ৯০ হাজার জাল টাকা উদ্ধার করেছে। এরমধ্যে ৫ লক্ষ ৪ হাজার ভারতীয় টাকা এবং ৮৬ হাজার বাংলাদেশের টাকা রয়েছে। এই জাল টাকা কাস্টমসের অফিসারদের হাতে তুলে দেওয়া হয়েছে বলে জানিয়েছে আসাম রাইফেলস।

\*\*\*\*\*

#### **National Scolarship :**

ন্যশনাল স্কলারশিপ পোর্টালে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের জন্য উত্তরপূর্ব রাজ্যগুলির শিক্ষার্থীদের ক্ষেত্রে এনইসি মেধাবৃত্তি প্রকল্পের আওতায় পোস্ট-ম্যাট্রিক স্কলারশিপের জন্য আবেদন গ্রহণ শুরু হয়েছে। উত্তরপূর্ব পরিষদের অর্থনৈতিক উপদেষ্টা শেরি লালথাংজো জানান, আবেদনকারীদের অবশ্যই উত্তর-পূর্বাঞ্চলের কোনও একটি রাজ্যের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং ভারতের কোনো স্বীকৃত প্রতিষ্ঠানে ডিপ্লোমা, স্নাতক, স্নাতকোত্তর বা পিএইচডি/এমফিল স্তরের কোর্সে পাঠরত হতে হবে। প্রার্থীর সর্বশেষ পরীক্ষায় প্রাপ্ত নম্বর ন্যূনতম ৬০% থাকা আবশ্যিক এবং আবেদনকারীর পিতা-মাতার বা অভিভাবকের বার্ষিক আয় অনধিক ৮ লক্ষ টাকার মধ্যে হতে হবে। আগ্রহী শিক্ষার্থীরা উত্তরপূর্ব পরিষদের সচিবালয়ে অথবা এনইসি মেধাবৃত্তি প্রকল্পের নির্দেশিকা অনলাইনে যোগাযোগ করতে পারেন। উত্তরপূর্ব পরিষদের তথ্য ও জনসংযোগ অধিকর্তা অজয় পরাশর এক বিবৃতিতে এই তথ্য জানিয়েছেন।

\*\*\*\*\*

#### **Coach Bihar Trophy :**

কোচবিহার ট্রফি অনুর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় পন্ডিচেরীর বিরুদ্ধে ত্রিপুরা সরাসরি প্রাজয়ের মুখে রয়েছে। নরসিংগড়ের পিটিএ মাঠ সফরকারী পন্ডিচেরী ৩ উইকেটে ১৪৭

রান থেকে গতকাল তৃতীয় দিনে খেলতে নেমে দ্বিতীয় ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ৩১৭ করে। দলের প্রজন কুমার ১৩৮ রান করে। রাজ্যদলের অর্কজিং রায় ৮৬ রানে ৬টি উইকেট পায়। ৩৮২ রানে পিছিয়ে থেকে দ্বিতীয় ইনিংসে রাজ্যদল দিনের শেষে ৮ উইকেট হারিয়ে ১১০ রান করতে সক্ষম হয়। এর আগে পশ্চিমের প্রথম ইনিংসের ১৪৭ রানের জবাবে রাজ্যদল প্রথম ইনিংসে মাত্র ৮২ রান করেছিল। আজ খেলার শেষ দিন।

\*\*\*\*\*

#### **Weather :**

আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালের দিকে হালকা কুয়াশা ছিল। আজ তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা পরিলক্ষিত হয়েছে ২০.৪ ডিগ্রী সেলসিয়াস।

\*\*\*\*\*